নৌ-কার্গো বীমা (পণ্য সামগ্রীর বীমা)

নৌ-কার্গো বীমা বলতে পণ্য আনা নেয়ার ক্ষেত্রে যে ক্ষতি হতে পারে তার ক্ষতি পুরণের বীমা।

পণ্য তিন ভাবে আনা নেয়া করা হয়ঃ

নৌ পথে- স্টিমার বা জলযান এর মাধ্যমে

স্থল পথে- ট্রাক, রেলগাড়ী এর মাধ্যমে

আকাশ পথে- বিমান এর মাধ্যমে

তিন ধরনের পথ নৌ-বীমায় কভার করা হয়, তবে বাহনের ধরনের উপর ঝুঁকির কভার বিভিন্ন ধরনের হয়ে থাকে।

জাহাজ/ স্টিমার এর ক্ষেত্রে ঝুঁকি প্রধানত ৩ ধরনের। যেমন ঃ-

Institute Cargo Clause “C” (Minimum Risk)

Institute Cargo Clause “B” (Moderate Risk)

Institute Cargo Clause “A” (All Risk Except Exclusions)

***Institute Cargo Clause “C” (Minimum Risk) এ যে সব ঝুঁকি কভার করে তা হলো ঃ**

০১. জাহাজে পণ্য থাকাকালীন সময়ে যদি আগুন বা বিস্ফোরণের কারণে পণ্যের ক্ষতি হয়।

০২. সমুদ্র পথে জাহাজ ডুবে গেলে, জলযান উল্টে গেলে, অগভীর জলে আটকে গেলে তাতে পণ্যের ক্ষতি হলে।

০৩. সমুদ্র বন্দর থেকে ফ্যাক্টরীতে বা গুদামে পণ্য আনতে ট্রাক উল্টে গেলে বা রেল লাইনচ্যুত হয়ে পণ্যের যে ক্ষতি হয়।

০৪. সমুদ্র পথে কোন বাহ্য বস্তুর সাথে জাহাজের ধাক্কায়,সংঘর্ষ হয়ে পণ্যের যে ক্ষতি হয় (পানির ঢেউয়ের ধাক্কা ছাড়া)।

০৫. দুর্দৈব বন্দরে (Port of distress) যুক্তিসংগত ভাবে পণ্য খালাস করার সময় যে ক্ষতি হয়।

০৬. সাধারণ আংশিক ক্ষতি (General Average) ঃ সমুদ্রের মাঝপথে কোন বিপদের কারণে জাহাজ, পণ্য ও ভাড়ার ক্ষতি থেকে বাচাঁর জন্য Carrier জাহাজ থেকে কিছু পণ্য ফেলে দেয় বা জাহাজের সমস্যার কারণে অন্য জাহাজে পণ্য উঠিয়ে দেয় এতে যে ক্ষতি হয় বা খরচ হয়। তবে এ ক্ষেত্রে Carrier কর্তৃক এ ধরণের ক্ষতি করার পূর্বে ঘোষণা (Declaration) দিতে হয়।

০৭. জেটিশন (Jettision) ঃ আসন্ন বিপদ বা আক্রান্ত বিপদ হতে জাহাজ ও পণ্য রক্ষার জন্য কিছু পণ্য ফেলে দেওয়ার/ নিক্ষেপ করার জন্য ক্ষতি।

**** Institute Cargo Clause “C” (Minimum Risk) এর সাথে অতিরিক্ত প্রিমিয়াম প্রদান সাপেক্ষে ND, TP ঝুঁকি কভার করা যায় ঃ**

ND (Non-Delivery)ঃ ঝুঁকি বলতে পণ্য ডেলিভারী না হওয়া বা বি এল (BL) এ যে পরিমান পণ্য উল্লেখ আছে তার চেয়ে কম পণ্য বুঝে পাওয়া।

TP (Theft & Pilferage)ঃ ঝুকি বলতে পণ্য আনার/নেওয়ার পথে চুরি হয়ে যাওয়ার ক্ষতি।

*** Institute Cargo Clause “B” (Moderate Risk) এ যে সব ঝুঁকি কভার করে তা হলো ঃ Institute Cargo Clause “C” এ যে সব ঝুঁকি কভার করে Institute Cargo Clause “B” তা সহ আরও ৪টি অতিরিক্ত ঝুঁকি কভার করে ঃ**

০১. জাহাজের পণ্য পানির ঢেউ এ ভাসিয়ে নিয়ে গেলে যে ক্ষতি হয় তা।

০২. জাহাজের পন্য সমুদ্র, হ্রদ বা নদীর পানি ঢুকে পণ্যের যে ক্ষতি হয় তা।

০৩. জাহাজে পণ্য উঠানো/ নামানোর সময় কোন প্যাকেজ পড়ে বা হারানোর কারনে ক্ষতি হওয়া।

০৪. ভুমিকম্প, অগ্নুৎপাত বা বজ্রপাতের দরুন বীমাকৃত বিষয়- বস্তুর ক্ষতি সাধিত হওয়া।

Institute Cargo Clause “B” -এর সুবিধা হলো বীমা গ্রহীতা পণ্যের ধরন অনুযায়ী অতিরিক্ত ৫ ধরনের ঝুকির মধ্য হতে, অতিরিক্ত প্রিমিয়াম প্রদান সাপেক্ষে প্রয়োজনীয় ঝুকি কভার করতে পারেন। ৫ ধরনের ঝুঁকি হলো ঃ

১. ND (Non-Delivery) পণ্য ডেলিভারী না হওয়া।

২. TP (Theft & Pilferage) পণ্য চুরি হয়ে যাওয়া।

৩. Hooks, Holing, Bursting, Tearing, Leakage Contents
হুক, গর্ত করা, ফাটিয়ে পড়া, ছিন্নকরণ, ছিদ্র পথে পতিত হওয়া জনিত ক্ষতি।

৪. Rain & Fresh Water Damage, Extraneous, Subsidence, Heating বৃষ্টি বা মিঠা পানিতে ক্ষতি, নিষ্কর্ষ, তাপ জনিত ক্ষতি, কোন পদার্থের সংস্পর্যে এসে ক্ষতি হওয়া।

৫. Breakage & Scratching, Splitting ভেঙ্গে যাওয়া, আঁচড়ের দাগ লাগা, ভাগ হয়ে যাওয়া।

Institute Cargo Clause “A” (All Riks Except Exclsions) যে সব ঝুঁকি কভার করে তা হলো ঃ

Institute Cargo Clause “A” এ যে ঝুঁকি কভার করে তা সহ অরো ৫ ধরনের অতিরিক্ত ঝুঁকিও কভার করে। ICC“A” তে (নিম্ন বর্নিত ঝুকি সমূহ ব্যাতিত) অর্থাৎ এ ক্ষেতে সব ধরনের ঝুঁকি কভার করে।

যে সব ঝুঁকি কভার করে না তা হলো ঃ

০১. বীমা কারীর ইচ্ছাকৃত ক্ষতি বা খরচ।

০২. সাধারন লিকেজের ক্ষতি, ওজন কমার ক্ষতি।

০৩. অনুপযুক্ত মোড়ক এর কারনে ক্ষতি।’

০৪. বীমা বিষয় বস্তুর সহজাত প্রবৃত্তি জনিত ক্ষতি।

০৫. বিলম্বে পণ্য আসার জন্য ক্ষতি।

০৬. জাহাজের মালিক বা ব্যবস্থাপক এর আর্থিক অসচ্ছলতার কারনে ক্ষতি।

০৭. জাহাজ সমুদ্রগমনের অনুপযোগিতার কারনে যদি ক্ষতি হয়।

০৮. স্বেচ্ছাকৃতভাবে ক্ষতি সাধন।

**** উপরোক্ত ক্ষতি গুলো Institute Cargo Clause “C”, Institute Cargo Clause “B” এর ক্ষেত্রে ও কভার করে না।**

Lorry Risk এ যে সব ঝুঁকি কভার করে তা হলোঃ

০১. পণ্য যদি আগুন এর কারণে ক্ষতি হয়।

০২. সেতু ভেঙ্গে ট্রাক পড়ে বা কোন দূর্ঘটনার কারণে পণ্যের ক্ষতি ।

০৩. কোন যান বাহনের সাথে ট্রাকের সংঘর্ষে পণ্যের ক্ষতি।

০৪. ট্রাক উল্টে যদি পণ্যের ক্ষতি হয়।

Lorry All Risk: এ ক্ষেত্রে নিম্নোক্ত ঝুঁকি ছাড়া পণ্য পরিবহণের সময় উদ্ভব সকল ঝুঁকি কভার করেঃ

০১. বীমাকারীর ইচ্ছাকৃত ক্ষতি বা খরচ।

০২. সাধারন লিকেজের ক্ষতি, ওজন কমার ক্ষতি।

০৩. অনুপযুক্ত মোড়ক এর কারনে ক্ষতি।

০৪. বীমাকৃত বিষয় বস্তুর সহজাত প্রবৃত্তি জনিত ক্ষতি।

০৫. বিলম্বে পণ্য আসার জন্য ক্ষতি ।

০৬. যুদ্ধ, হরতাল এর কারণে ক্ষতি ।

০৭. ট্রাকের অনুপযোগিতার কারণে যদি ক্ষতি হয়।

০৮. স্বেচ্ছাকৃতভাবে ক্ষতি সাধন।

Air Risk এ যে সব ঝুঁকি কভার করে তা হলো ঃ পণ্য পরিবহনকারী বিমান Crash হয়ে ক্ষতি। পণ্য চূড়ান্ত বিমান বন্দরে পৌঁছার পর বা বিমানে উঠার ৩০ দিনের জন্য ঝুঁকি কভার করে।

Air Risk এর সাথে অতিরিক্ত প্রিমিয়াম প্রদান সাপেক্ষে ND, TP ঝুঁকি কভার করা যায় ঃ

ND (Non-Delivery) ঝুঁকি বলতে পণ্য ডেলিভারী না হওয়া বা বি এল (BL) এ যে পরিমান পণ্য উল্লেখ আছে তার চেয়ে কম পণ্য বুঝে পাওয়া।

TP (Theft & Pilferage) হলো পণ্য আনার/নেওয়ার পথে চুরি হয়ে যাওয়ার ক্ষতি।

Air All Risk এ ক্ষেত্রে নিম্নোক্ত ঝুঁকি ছাড়া পণ্য পরিবহণের সময় উদ্ভব সকল ঝুঁকি কভার করে ঃ

০১. বীমা কারীর ইচ্ছাকৃত ক্ষতি বা খরচ।

০২. সাধারণ লিকেজের ক্ষতি, ওজন কমার ক্ষতি।

০৩. অনুপযুক্ত মোড়ক এর কারনে ক্ষতি।

০৪. বীমাকৃত বিষয় বস্তুর সহজাত প্রবৃত্তি জনিত ক্ষতি।

০৫. বিলম্বে পণ্য আসার জন্য ক্ষতি।

০৬. যুদ্ধ, হরতাল এর কারনে ক্ষতি।

০৭. বিমানের আনফিটনেস/অনুপযোগিতার কারণে যদি ক্ষতি হয়।

০৮. স্বেচ্ছাকৃতভাবে ক্ষতি সাধন।

দাবীর ক্ষেত্রে যে সব কাগজ পত্র প্রয়োজন হয় ঃ

০১. পলিসি কপি।

০২. বিল অব লেডিং/ Air Way Bill/ Consignment Note / চালান এর উভয় পৃষ্ঠা।

০৩. ইনভয়েস।

০৪. প্যাকিং লিষ্ট।

০৫. বিল অব এন্ট্রি।

০৬. নন ডেলিভারী সার্টিফিকেট (In case of Non-Delivery)।

০৭. জি ডি এন্ট্রি (In case of Missing, Theft, Pilferage)।

০৮. ফায়ার ব্রিগেড রিপোর্ট (In case of Fire)।

০৯. রিকভারী রাইট যথাযথভাবে প্রয়োগ (পরিবহনকারী/ দায়ী ৩য় পক্ষের উপরে)।

১০. মেরিন নোট অব প্রটেষ্ট (If necessary)।

১১. লেটার অর সাব্রোগেশন/ লেটার অব ইনডেমনিটি (If necessary)।

১২. ট্রাক চালান।

১৩. আনুষাঙ্গিক দলিলাদি (প্রয়োজন বোধে)।